

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রেডিট বিভাগ-১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৭)/ ২০১৭-১৮/৪৮(১২০০)

তারিখঃ ২৭/০৭/২০১৭

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ কারখানার তারল্য সংকট মোকাবেলায় চলতি মূলধনের অংশ বিশেষ রুক একাউন্টে স্থানান্তর পূর্বক কিস্তিতে পরিশোধের সুবিধা প্রদানের ক্ষেত্রে মরেটরিয়াম সময় অনুমোদন প্রসঙ্গে।

বর্ণিত বিষয়ে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৪/২০১৭ তারিখ ১৮/০৪/২০১৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উল্লিখিত পরিপত্রে জারীকৃত সুবিধার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয় এর আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নীতি ও আর্থিক প্রণোদনা শাখার নথি নং-৫৩.০০.০০.৩৩১.৩৬.০১৪.১৭-২১০ তারিখ ১৭ জুলাই ২০১৭ মোতাবেক হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ কারখানার তারল্য সংকট মোকাবেলায় চলতি মূলধনের অংশ বিশেষ রুক একাউন্টে স্থানান্তর পূর্বক কিস্তিতে পরিশোধের সুবিধা প্রদানের ক্ষেত্রে মরেটরিয়াম সময় অনুমোদন এর বিষয়ে নিম্নরূপ স্পষ্টীকরণ করা হয়েছেঃ

- (ক) অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত রেখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ২৮/০২/২০১৭ তারিখে জারীকৃত পএ নং ৫৩.০০.০০.৩৩১.৩৬.০১৪.১৭-৫৩ এর ওপর সংশ্লিষ্ট ব্যাংক যে তারিখে সিদ্ধান্ত গ্রহণ করবে সে তারিখ হতে মরেটরিয়াম সুবিধা শুরু হবে ;এবং
- (খ) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক জারীকৃত ২৮/০২/২০১৭ তারিখের অফিস আদেশটির আওতায় সকল কার্যক্রম/সিদ্ধান্ত ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০৩। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত
২৭.০৭.১৭
(নিতাই চন্দ্র রায়)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-৯৫৫০৪০৩
তারিখঃ -এ-

সার্কুলার লেটার নং- প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৭)/ ২০১৭-১৮/৪৮(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয় সমূহ।
- ৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(উপরোক্ত সার্কুলার লেটারটি ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সমূহ।
- ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহ।
- ৯। নথি / মহানথি।

২৭/০৭/২০১৭
(মোঃ মুজিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক